



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dsheets.gov.bd



সূরক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০৭৪.২০১৮/১৬৭০/৪

তারিখ: ০৭/০৯/২০২০ খ্রি.

বিষয়: যশোর জেলার মনিরামপুর উপজেলাধীন পলাশী আদর্শ কলেজের সদ্য নিয়োগপ্রাপ্ত অধ্যক্ষ সন্তোষ কুমার মন্ডলকে এমপিওভুক্তি।

সূত্র: (ক) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা এর পত্র নং-৫৮২; তারিখঃ ২৬/০২/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর জেলার মনিরামপুর উপজেলাধীন পলাশী আদর্শ কলেজের সদ্য নিয়োগপ্রাপ্ত অধ্যক্ষ সন্তোষ কুমার মন্ডল, সহকারী অধ্যাপক পদ থেকে ইন্সফা দিয়েও দুর্নীতি ও তথ্য গোপন করে অন্যায়ভাবে এমপিও এর মাধ্যমে সরকারী বেতনভাত্তা উত্তোলন করছেন এবং নতুন এমপিওভুক্তির চেষ্টা করছেন বিধায় বিষয়টি তদন্তপূর্বক আইনগত ব্যবস্থা গ্রহণ করার জন্য জনাব মোঃ মিজানুর হোসেন (বুলবুল), ডাকঘর-গোয়ালদহ বাজার, মনিরামপুর, যশোর অভিযোগ করেন। উক্ত কলেজের আজীবন দাতা সদস্য আনন্দ কুমার খা কর্তৃক গভর্নিৎ বড়ির উপর মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৮৯৮২/২০১৮ বিচারাধীন থাকায় কোন নিয়োগ দেওয়া যায় না। কিন্তু সন্তোষ কুমার মন্ডল ও সভাপতি আবুল হোসেন যোগসাজসে অধ্যক্ষ নিয়োগ দেন এবং ইন্সফা দেওয়া পদের এমপিও উত্তোলন করেছেন। বর্ণিত বিষয়ে মতামতের জন্য নথি অত্য অধিদপ্তরের আইন শাখায় প্রেরণ করা হয়।

আইন শাখার মতামত: “মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৮৯৮২/২০১৮ মামলাটি জনেক আনন্দ কুমার খা ও অন্য একজন একত্রে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর এর উপপরিদর্শক, কলেজের স্বাক্ষরিত ০৭/০৩/২০১৮ তারিখের পত্রের কার্যক্রমের বিরুদ্ধে দায়ের করেন। উক্ত রিট পিটিশনে মহামান্য আদালত বিবাদীগণের প্রতি জবাব প্রদানের বিষয়ে রুল নিশি জারি করেন। উক্ত রিট পিটিশনের জবাবসহ প্রতিদ্বন্দ্বিতা করার জন্য শিক্ষা বোর্ড, যশোরকে পত্র প্রেরণ করা যায়”।

জনাব মোঃ মিজানুর হোসেন (বুলবুল), প্রতিষ্ঠাতা, পলাশী আদর্শ কলেজ, মনিরামপুর, যশোর এর অভিযোগের প্রেক্ষিতে বর্ণিত বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করার জন্য পরিচালক ও সহকারী পরিচালক (কলেজ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনাকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

তদন্ত কর্মকর্তার মতামত: পলাশী আদর্শ কলেজ, মনিরামপুর, যশোর এর সদ্য নিয়োগপ্রাপ্ত অধ্যক্ষ জনাব সন্তোষ কুমার মন্ডল এর নিয়োগের বিষয়ে মামলা সংক্রান্ত কাগজপত্র কোন পক্ষই দাখিল করতে পারেন নি। অভিযোগকারী অভিযোগপত্রে যে সকল মামলা/রিট পিটিশনের কথা উল্লেখ করেছেন সেগুলির কোনটিই সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষের নিয়োগের সাথে সংশ্লিষ্ট নয়। উল্লেখ্য যশোর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ মহোদয় নিয়োগ বোর্ডে ডিজি মহোদয়ের প্রতিনিধি দায়িত্ব পালন করেছিলেন। এছাড়া সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বর্তমান সভাপতি ও অধ্যক্ষ মামলা সংক্রান্ত বিষয়ে লিখিত প্রত্যয়ন করেছেন যে, কলেজ অধ্যক্ষের নিয়োগ ও ব্যক্তিগত নামে কোন মামলা চলমান নেই। যেহেতু তিনি বিধি মোতাবেক অধ্যক্ষ পদে নিয়োগপ্রাপ্ত হয়েছেন সেহেতু জনাব সন্তোষ কুমার মন্ডলকে অধ্যক্ষ পদে এমপিওভুক্তি করা যেতে পারে।

বর্ণিত বিষয়ে সিদ্ধান্তের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর আওতাধীন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) শিক্ষক/কর্মচারীদের এমপিওভুক্তি অনুমোদনের নিমিত্তে গঠিত চুড়ান্ত কমিটির জুলাই/২০২০ মাসের সভায় উপস্থাপন করা হয়। উক্ত সভার কমিটির সুপারিশ নিম্নরূপ:

কমিটির সুপারিশ: জনবল কাঠামো-২০১৮ অনুযায়ী অধ্যক্ষ জনাব সন্তোষ কুমার মন্ডলকে এমপিওভুক্তির বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর আওতাধীন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) শিক্ষক/কর্মচারীদের এমপিওভুক্তি অনুমোদনের নিমিত্তে গঠিত চুড়ান্ত কমিটির জুলাই/২০২০ মাসের সভার সিদ্ধান্ত অনুযায়ী উক্ত কলেজের অধ্যক্ষ জনাব সন্তোষ কুমার মন্ডলকে বিধি মোতাবেক এমপিওভুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

AC/Date 2.9.2020

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং-৯৫৫৬০৫৭

Email-ncollege@dsheets.gov.bd

পরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা

খুলনা অঞ্চল, খুলনা

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, পলাশী আদর্শ কলেজ, মনিরামপুর, যশোর
- ২। অধ্যক্ষ, পলাশী আদর্শ কলেজ, মনিরামপুর, যশোর
- ৩। শিক্ষা কর্মকর্তা (আইন) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ৪। সংরক্ষণ নথি।